



## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

চ/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৪.১৫৩

তারিখ:

২৬ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ  
১০ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ৪(চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেন্সি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক এবং ২ (দুই) বছর মেয়াদি সার্টিফিকেট-ইন-মেরিন ট্রেড কোর্স শিক্ষাক্রমের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের অপেক্ষমান তালিকায় থাকা শিক্ষার্থীদের ৫ম পর্যায়ের ফলাফল ১৫.০৯.২০২৪ ইং তারিখ সকাল ১০ ঘটিকায় প্রকাশিত হবে। ফলাফল প্রকাশের পূর্বে ইতোমধ্যে নিশ্চায়নকৃত ও প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন (প্রযোজ্য ক্ষেত্রে) হবে। ৫ম পর্যায়ের ফলাফলে চান্স প্রাপ্ত শিক্ষার্থীদের নিশ্চায়ন ১৫.০৯.২০২৪ তারিখ হতে ১৬.০৯.২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। অন্যথায় আবেদন ও নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে। অপেক্ষমান তালিকায় থাকা শিক্ষার্থীরা ১২.০৯.২০২৪ হতে ১৩.০৯.২০২৪ তারিখের মধ্যে আবেদনের পছন্দগ্রহণ পরিবর্তন করতে পারবে।

অপেক্ষমান তালিকায় থাকা শিক্ষার্থী হতে ৬ষ্ঠ পর্যায়ের ফলাফল ১৭.০৯.২০২৪ ইং তারিখ সকাল ১০ ঘটিকায় প্রকাশিত হবে। ফলাফল প্রকাশের পূর্বে ইতোমধ্যে নিশ্চায়নকৃত ও প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন (প্রযোজ্য ক্ষেত্রে) হবে। ৬ষ্ঠ পর্যায়ের ফলাফলে চান্স প্রাপ্ত শিক্ষার্থীদের নিশ্চায়ন ১৮.০৯.২০২৪ তারিখ হতে ১৯.০৯.২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। অন্যথায় আবেদন ও নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে। কোন শিক্ষার্থী কাংখিত টেকনোলজি বা প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পেলে মাইগ্রেশন বন্ধ করতে পারবে (যা সাধারণত খোলা থাকে), বন্ধ না করলে মাইগ্রেশন হলে বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না। ভর্তি আবেদন ফি প্রদান পদ্ধতিসহ আবেদন ও নিশ্চায়নের নিয়মাবলি ভর্তি বিষয়ক ওয়েবসাইটে ([www.btebadmission.gov.bd](http://www.btebadmission.gov.bd)) পাওয়া যাবে।

ইতোমধ্যে প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থী যাদের মাইগ্রেশন হয়েছে তাদের সকল ডকুমেন্টস ও প্রদেয় ভর্তি ফি প্রতিষ্ঠান হতে সংগ্রহপূর্বক এবং ৫ম ও ৬ষ্ঠ পর্যায়ে নিশ্চায়নকৃত শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে এসএসসি পরীক্ষার মূল নম্বরপত্র, সদৃ তোলা ছবি (৩ কপি), প্রশংসাপত্র (ফটোকপি) জমা প্রদান সাপেক্ষে ২২/০৯/২০২৪ হতে ২৩/০৯/২০২৪ তারিখের মধ্যে স্ব শরীরে উপস্থিত হয়ে প্রাতিষ্ঠানিক ভর্তি সম্পন্ন করতে হবে। প্রতিষ্ঠানসমূহকে ভর্তির সময় শিক্ষার্থী Confirmed List- এ আছে কিনা তা যাচাই করে ভর্তি করতে হবে। এ সময়ের মধ্যে বর্ণিত ডকুমেন্টসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভর্তি না হলে শিক্ষার্থী অনুপস্থিত বলে গণ্য হবে এবং নিশ্চায়ন বাতিল বলে গণ্য হব। এসকল অনুপস্থিত শিক্ষার্থীর তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ২৪/০৯/২০২৪ তারিখের মধ্যে অনলাইনে প্রেরণ করতে হবে। প্রতিষ্ঠানসমূহকে ৫ম ও ৬ষ্ঠ পর্যায়ে নিশ্চায়নকৃত শিক্ষার্থীসহ মাইগ্রেশনকৃত শিক্ষার্থীদের অনলাইনে অনুপস্থিত দেওয়ার পূর্বে মোবাইলে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এর পরে শুধু আসন থাকা স্বাপেক্ষে ফলাফল প্রকাশ করা হবে কিন্তু কোন মাইগ্রেশন হবে না। ভর্তি বিষয়ক যে কোন তথ্য জানতে অফিস চলাকালিন সময়ে ০১৩২৮৩০৩০৮ ও ০১৩২৮৩০৩০৯ নম্বরে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

২০.৯.২৮

(প্রকৌশলী মোঃ রকিব উল্লাহ)

চেয়ারম্যান

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

তারিখ: ১০ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৪.১৫৩(১১)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
০৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০৪-০৭. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইসিটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৮. অধ্যক্ষ, বর্ণিত শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান (মাইগ্রেশন হওয়া শিক্ষার্থীদের ভর্তি ফি ও মূল নম্বরপত্রসহ যাবতীয় ডকুমেন্টস প্রদানের অনুরোধসহ)।
০৯. সিন্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. নথি।

২০.৯.২৮

(প্রকৌশলী মোঃ ফারুক রেজা)

কারিকুলাম বিশেষজ্ঞ (দা.ভোক:)

ও সমন্বয়ক

ডিপ্লোমা ও উচ্চ মাধ্যমিক পর্যায় ভর্তি কার্যক্রম  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।